

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০০

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৭. সাদাকাতুল ফিতর (যাকাতুল ফিতর) সম্পর্কে

بَابِ فِي زَكَاةِ الْفِطْرِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ حَدَّثَنَا دَاوُدُ بْنُ قَيْسٍ عَنْ عِيَاضِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ كُنَّا نُخْرِجُ زَكَاةَ الْفِطْرِ إِذْ كَانَ فِينَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ كُلِّ صَغِيرٍ وَكَبِيرٍ حُرِّ وَمَمْلُوكٍ صَاعًا مِنْ طَعَامٍ أَوْ صَاعًا مِنْ تَمْرٍ أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ كُلِّ صَاعًا مِنْ أَقِطٍ أَوْ صَاعًا مِنْ أَقِطٍ أَوْ صَاعًا مِنْ زَبِيبٍ فَلَمْ يَزَلْ ذَلِكَ كَذَلِكَ حَتَّى قَدِمَ عَلَيْنَا مُعَاوِيَةُ أَوْ صَاعًا مِنْ أَقِطٍ أَوْ صَاعًا مِنْ زَبِيبٍ فَلَمْ يَزَلْ ذَلِكَ كَذَلِكَ حَتَّى قَدِمَ عَلَيْنَا مُعَاوِيَةُ الْمُدِينَةَ حَاجًّا أَوْ مُعْتَمِرًا فَقَالَ إِنِي أَرَى مُدَيْنٍ مِنْ سَمْرَاءِ الشَّامِ يَعْدِلُ صَاعًا مِنْ التَّمْرِ الْمُدِينَةَ حَاجًّا أَوْ مُعْتَمِرًا فَقَالَ إِنِي أَرَى مُدَيْنٍ مِنْ سَمْرَاءِ الشَّامِ يَعْدِلُ صَاعًا مِنْ التَّمْرِ فَأَخَذَ النَّاسُ بِذَلِكَ قَالَ أَبُو سَعِيدٍ أَمَّا أَنَا فَلَا أَزَالُ أُخْرِجُهُ كَمَا كُنْتُ أُخْرِجُهُ قَالَ أَبُو سَعِيدٍ أَمَّا أَنَا فَلَا أَزَالُ أُخْرِجُهُ كَمَا كُنْتُ أُخْرِجُهُ قَالَ أَبُو مَنَ عَبْدِ أَمَّا أَنَا فَلَا أَزَالُ أُخْرِجُهُ كَمَا كُنْتُ أَخْرِجُهُ قَالَ أَبُو مَاعًا مِنْ كُلِّ شَيْءٍ

বাংলা

১৭০০. আবৃ সাঈদ আল—খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম আমাদের মাঝে থাকা অবস্থায় আমরা ছোট-বড়, স্বাধীন- দাস – নির্বিশেষে প্রত্যেকের পক্ষ থেকে এক সা'আ খাবার অথবা এক সা'আ খেজুর অথবা এক সা'আ যব অথবা এক সা' পনির অথবা এক সা' কিশমিশ যাকাতুল ফিতর হিসেবে দান করতাম। এটি এভাবেই চলে আসছিল। কিন্তু মুআবিয়া (রা) হজ্জ্ব কিংবা উমরার সফরে মাদিনায় এসে বললেন, আমি দেখছি, শামের (সিরিয়ার) দুই মুদ্দ গম এক সা'আ খেজুরের সমান। বর্ণনাকারী বলেন, তারপর লোকেরা এটাই (এ মতটিই) অবলম্বন করলো। আবৃ সাঈদ (রা) বলেন, কিন্তু আমি পূর্বে যেভাবে আদায় করতাম, সেভাবেই আদায় করতে থাকব।[1]

আবূ মুহাম্মদ বলেন, আমার মতে, প্রত্যেক জিনিসের (খাদ্যের) এক সা'আ পরিমাণ (দিয়েই আদায় করা যাবে)।

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।



তাখরীজ: বুখারী, যাকাত ১৫০৬; মুসলিম, যাকাত ৯৮৫।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১২২৭; সহীহ ইবনু হিব্বান নং ৩৩০৫, ৩৩০৬ ও মুসনাদুল হুমাইদী নং ৭১৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন